দৈনিক ইত্তেফাক

তারিখ ...04 JAN 1988...
পৃষ্ঠা... ...কলাম...

03

# ৫ই মার্চ হইতে শিক্ষা সপ্তাহ পালনের সিদ্ধান্ত

বাসস জানায়, গতকাল (রবিবার) শিক্ষা মন্ত্রণালয়ে শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমানের সভাপতিত্বে শিক্ষা সপ্তাহ'৮৮ উদযাপন প্রস্তুতি কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। বৈঠকে আগামী ৫ হইতে ১০ই মার্চ পর্যন্ত এই সপ্তাহ পালনের সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং চলতি বৎসরের বিষয়বস্তু ঠিক করা হয় "গণ শিক্ষা সম্প্রসারণ"। প্রেসি-

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## শিক্ষা সাপ্তাহ

[১ম পৃষ্ঠার পর]

ডেন্ট এরশাদ শিক্ষা সপ্তাহ উদ্বোধন করিবেন।

এই উপলক্ষে বক্তৃতা প্রসঙ্গে শিক্ষা মন্ত্রী মাহবুবুর রহমান বলেন, বর্তমান সরকারের লক্ষ্য হইতেছে আগামী তিন হইতে ৫ বৎসর সময়কালের মধ্যে সমগ্র দেশে প্রাথমিক শিক্ষাকে অবৈতনিক, সার্বজনীন ও বাধ্যতামূলক করা। অন্যদিকে দুই হাজার সাল নাগাদ সকলের জন্য শিক্ষা নিশ্চিত করা হইবে।

বৈঠকে শিক্ষা সপ্তাহে সার্ক দেশসমূহের শিক্ষা মন্ত্রিগণ, ইউনেস্কোর মহাপরিচালক এবং ইউনেস্কোর আঞ্চলিক সহকারী মহাপরিচালককেও আমন্ত্রণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

### প্রাথমিক শিক্ষা পক্ষ পালিত হইতেছে

এদিকে সরকারী তথ্য বিবরণীতে বলা হয় যে, সার্বজনীন প্রাথমিক শিক্ষা কর্মসূচীর সফল বাস্তবায়নের লক্ষ্যে প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী বয়সের শিশুদের বিদ্যালয়ে ভর্তি ও পঞ্চম শ্রেণীর পাঠ সমাপন করা পর্যন্ত তাহাদের বিদ্যালয়ে ধরিয়া রাখার জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উদ্যোগে এবং উপজেলা পরিষদসমূহের ব্যবস্থাপনায় ১লা জানুয়ারী হইতে ১৪ই জানুয়ারী পর্যন্ত দেশের সর্বত্র প্রাথমিক বিদ্যালয় ক্লাষ্টার ও উপজেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষা পক্ষ পালন করা হইতেছে। এই উপলক্ষে প্রতি উপজেলায় শিক্ষা সমাবেশ, খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান, শ্রেষ্ঠ বিদ্যালয় ও শিক্ষকদের পুরস্কৃতকরণ, ছাত্র-ছাত্রীদের মধ্যে সরকারী ব্যয়ে পাঠ্যপুস্তক বিতরণসহ বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হইয়াছে।